

অব্র কিবোর্ড ৫

ব্যবহার নির্দেশিকা

তৃতীয় সংস্করণ: ১ জানুয়ারি ২০১১

দ্বিতীয় সংস্করণ: ২৬ মার্চ ২০০৭

পরিমার্জিত প্রথম সংস্করণ: ২০ ফেব্রুয়ারি ২০০৬

প্রথম সংস্করণ: ৯ ফেব্রুয়ারি ২০০৬

OmicronLab

<http://www.omicronlab.com>

কিবোর্ড মোড (Keyboard Mode) সম্পর্কে ধারণা:

অত্র কিবোর্ড ২টি ভিন্ন কিবোর্ড মোড সমর্থন করে -

১) **Bangla** - বাংলায় লেখার জন্য।



২) **English** - কম্পিউটারের ডিফল্ট ল্যাঙ্গুয়েজে লেখার জন্য (সাধারণত English US)। একই সাথে এই মোডে আপনি উইন্ডোজের "ল্যাঙ্গুয়েজ বার" দিয়ে অন্য যে কোন ভাষায় লিখতে পারবেন।



কিবোর্ড মোড পরিবর্তন করা:

১) কিবোর্ড দিয়ে -

কিবোর্ড মোড পরিবর্তনের জন্য অত্র কিবোর্ডের ডিফল্ট কী F12। F12 চেপে আপনি Bangla থেকে English অথবা বিপরীতক্রমে English থেকে Bangla তে কিবোর্ড মোড পরিবর্তন করতে পারবেন। (এই F12 কী পরিবর্তনযোগ্য। আপনি কিবোর্ড মোড পরিবর্তনের জন্য ইচ্ছেমত F1 থেকে F12 যেকোনো কী অথবা Ctrl+Space কী কম্বিনেশন ব্যবহার করতে পারেন। বিস্তারিত জানতে Customizing Avro Keyboard শীর্ষক নির্দেশিকাটি দেখুন।)

২) মাউস দিয়ে -


Top Bar ইন্টারফেসে কিবোর্ড মোড নির্দেশক বাটনটিতে ক্লিক করলে কিবোর্ড মোড (বাংলা/ইংরেজি) পরিবর্তিত হবে।

System Tray Icon ইন্টারফেসে অত্র আইকনটির উপর ১বার ক্লিক করলে কিবোর্ড মোড (বাংলা/ইংরেজি) পরিবর্তিত হবে।

ইউজার ইন্টারফেস সম্পর্কে ধারণা:

অব্র কীবোর্ড ২টি ভিন্ন ইউজার ইন্টারফেস সাপোর্ট করে -


১) টপ বার (Top Bar) - টপ বার মোডে অব্র কীবোর্ড স্ক্রিনের উপরে একটি টুল বারের মত দেখতে উইন্ডোতে চলে।



- ১) মেনু বাটন
- ২) কীবোর্ড মোড
- ৩) কীবোর্ড লেআউট
- ৪) লেআউট ভিউয়ার
- ৫) অব্র মাউস
- ৬) টুলস মেনু
- ৭) ইন্টারনেট শর্টকাট
- ৮) হেল্প মেনু
- ৯) মিনিমাইজ/এক্সিট বাটন

২) সিস্টেম ট্রে আইকন (System Tray Icon) - টপ বারে চলার সময় অব্র কীবোর্ডের সবগুলো ফিচার হাতের কাছে সহজে পাওয়া যায়। তবে আপনি চাইলে সিস্টেম ট্রেতেও আইকন হিসেবে অব্র কীবোর্ড ব্যবহার করতে পারেন।

- এই আইকনটির উপর ১ বার ক্লিক করলে কীবোর্ড মোড (বাংলা/ ইংরেজি) পরিবর্তন হবে।
- ডাবল ক্লিক করলে অব্র কীবোর্ড টপ বার মোডে যাবে।
- রাইট ক্লিক করলে অব্র কীবোর্ড এর মেনু আসবে।



ইনপুট ল্যাঙ্গুয়েজ (Input Language/Input Locale) সম্পর্কে

ধারণা:

Input Locale/Input Language আসলে একটি ট্যাগ সিস্টেম, যেখানে আপনি কোন এডিটরে/ওয়ার্ড প্রসেসরে লেখার সময় সেটি বুঝতে পারে আপনি কোন ভাষায় লিখছেন। ফলে Spell check, grammar check, auto correction প্রভৃতি ফিচার সঠিকভাবে ব্যবহার করা যায়।

যেমন, আপনার একটি ওয়ার্ড ডকুমেন্ট এ যদি বাংলা-ইংরেজি মিলিতভাবে লেখা থাকে, Input Locale/Input Language ঠিকভাবে বাছাই করা থাকলে মাইক্রোসফট ওয়ার্ড শুধুমাত্র ইংরেজি লেখার বানান পরীক্ষা ইংরেজি ডিকশনারি থেকে করবে। বাংলা লেখাকে ইংরেজি ভেবে বানান ভুল ধরবে না।

অত্র কিবোর্ড দিয়ে বাংলায় লেখার সময় আপনি ভাষার জন্য তিনটি অপশন এর যে কোন একটি বাছাই করে নিতে পারবেন-

- ১) বাংলা (ইন্ডিয়া)
- ২) বাংলা (বাংলাদেশ)
- ৩) অসমীয়া

আপনি যখন বাংলায় কাজ করবেন, অত্র কিবোর্ড আপনার পছন্দের ভাষাটি Input Locale/Input Language হিসেবে সেট করে দিবে। আবার বাংলা কিবোর্ড মোড থেকে যখন আপনি ইংরেজি কিবোর্ড মোডে যাবেন, তখন ইংরেজি কিবোর্ড মোডের জন্য সঠিক ভাষাটি Input Locale/Input Language হিসেবে পরিবর্তিত হবে।

আপনার কোন প্রশ্নের জবাব এইখানে খুঁজে না পেলে ওমিক্রনল্যাব ফোরামে পরামর্শ
চাইতে পারেন।

<http://www.omicronlab.com/forum>